

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালক এর দপ্তর
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ,
ঢাকা-১০০০।
ফোন : ৯৫৫২৬৯৮



Office of the Director
Estate & Transport
Wapda Building, Motijheel C/A,
Dhaka-1000
Phone : 9552698

স্মারকনং-পাউবো/সওয়া/এসডিই(পুর)/বিবিধ/১৩৫২

তারিখঃ- ০১/০৪/২০১৯ খ্রিঃ

-ঃ সার্কুলার :-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের বিভিন্ন শপিংমল, সুউচ্চ কমার্শিয়াল ভবনসহ আবাসিক আপার্টমেন্ট-এ প্রায়শই অগ্নিকাণ্ডের দুর্ঘটনা ঘটছে। এতে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি পরিলক্ষিত হচ্ছে।


২। সাম্প্রতিক সময়ে বৈদ্যুতিক শর্ট সার্কিট/বিদ্যুৎ বিচ্যুতির কারণে পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন দপ্তর কক্ষে আগুন লাগছে/ আগুন লাগার সমূহ সম্ভাবনা রয়েছে। এহেন অবস্থা পরিত্রানের জন্য কোথাও কোন বৈদ্যুতিক সমস্যা দেখা দেওয়া মাত্র সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, পাউবো, ঢাকাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। অগ্নি দুর্ঘটনা এড়ানোর লক্ষে প্রতিটি দপ্তর কক্ষে কর্মরত কর্মকর্তা/কর্মচারী অফিস কক্ষ ত্যাগ করার পূর্বে কক্ষের সমস্ত বৈদ্যুতিক সুইচ যেমন ফ্যান, লাইট, এসি, কম্পিউটার ইত্যাদি সকল বৈদ্যুতিক সরঞ্জামাদি সঠিকভাবে বন্ধ করা হয়েছে কি-না তা নিশ্চিত হয়ে দপ্তর কক্ষ ত্যাগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৪। বৈদ্যুতিক সংযোগে ব্যবহৃত সকল যন্ত্রপাতি ব্যবহারকারী দপ্তর কর্তৃক নিয়মিত পরীক্ষা করা এবং দপ্তর প্রাঙ্গণে ধূমপান না করার জন্য নির্দেশ প্রদান করা হলো। প্রতিটি দপ্তরে বৈদ্যুতিক হিটার/বৈদ্যুতিক কেটলি ব্যবহার পরিহার করতে হবে। এ বিষয়ে প্রতিটি দপ্তর প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। পানি উন্নয়ন বোর্ডের ভাড়াকৃত দপ্তর ভবন সমূহের ক্ষেত্রে বৈদ্যুতিক ব্যবস্থার সঠিক ব্যবহার এবং কোন প্রকার বৈদ্যুতিক গোলযোগ সৃষ্টি হলে তা তাত্ক্ষণিকভাবে সংশ্লিষ্ট ভবন মালিককে অবহিত করতে হবে।

এ সার্কুলার মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।


(মোঃ মুজিবুর রহমান)
পরিচালক
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
পাউবো, ঢাকা।

অনুলিপি : (কার্যার্থে/জ্ঞাতার্থে)

- ১। প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো,
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান (সকল), বাপাউবো,
- ৩। সচিব/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল), বাপাউবো,
- ৪। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (সকল), বাপাউবো,
- ৬। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন/প্লানিং/অর্থ, বাপাউবো, ঢাকা।
- ৮। দপ্তর কপি।